

## বাকুবির ছাত্রদল নেতাকে অপহরণ ও উদ্ধার

□ সংগঠনের সশস্ত্র ক্যাডাররা জড়িত

ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশক : শনিবার দুপুরে ময়মনসিংহের আদালতপাড়ায় ছাত্রদলের সশস্ত্র ক্যাডারদের একটি দল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও ছাত্রদল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সভাপতি শফিকুল ইসলাম শফিকে অপহরণ করে নিয়ে যায়। অবশ্য পুলিশ অপহরণের এক ঘণ্টার মধ্যে অক্ষত অবস্থায় তাকে উদ্ধার করে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল নেতা রেজাউল করিম হারুন হত্যাকাণ্ড মামলার ৩ নম্বর আসামি শফিকুল ইসলাম শফিকের শনিবার আদালতে হাজিরার দিন

বার্থ ছিল। পুলিশ জানায়, বেলা ১১টায় শফিক ময়মনসিংহ শহরে আসে। দুপুর ১২টায় তার আইনজীবীর উদ্দেশে আদালতপাড়ায় প্রবেশ করার সময় আগে থেকে ঝেঁপেতে থাকা ছাত্রদলের ক্যাডাররা অস্ত্রের মুখে শফিককে একটি আইডেটকারে (টাকা-মেট্রো-৭-১৮৫৪) তুলে নিয়ে যায়। এ সময় ওই কারের সামনে ৬টি হোতা এবং পেছনে একটি মাইক্রোবাস ছাত্রদল ক্যাডারের ভর্তি ছিল। পরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের দোতলায় একটি কক্ষে নিয়ে তাকে আটক করা হয়। এ সময় শফিকের কাছ থেকে ক্যাডাররা ১৭ বাকুবির : পৃঃ ২ কঃ ৪

### বাকুবির : নেতা

(১২-এর পৃষ্ঠার পর)

হাজার টাকা ও ১টি মোবাইল ফোন তিনে নিয়ে যায়।

এ ঘটনার পরপরই দশীয় জাপ ও একজন উপমন্ত্রী নির্দেশে পুলিশ তৎপরতার কারণে প্রায় ১ ঘণ্টা বৈঠকান্ত পর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও ছাত্রদল নেতা খালিদ বঙ্গবন্ধু হলের দোতলা থেকে শফিকুল ইসলাম শফিককে উদ্ধার করেন। পরে তিনি তাকে পুলিশের হাতে তুলে দেন। পুলিশ অপহরণের সময় ব্যবহৃত আইডেটকারটি আটক করেছে।

বর্তমানে শফিক কোতোয়ালি থানা পুলিশের হেফাজতে রয়েছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে রেজাউল করিম হারুন হত্যাকাণ্ডের পর বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল বিধাবিভক্ত হয়ে পড়েছে। শফিক অপহরণ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের একাংশ ছাত্রদলকে দায়ী করেছে।